ভাঙ্গায় দুই বাসের সংঘর্ষে তিন যাত্রী নিহত, আহত ১৫

ইউএনবি- ফরিদপুরের ভাঙ্গায় বিআরটিসির একটি বাসের সঙ্গে শাহ ফরিদ পরিবহনের একটি বাসের সংঘর্ষে তিন যাত্রী ঘটনাস্থলে নিহত হয়েছেন। এছাড়া অন্তত ১৬ জন যাত্রী আহত হয়েছেন।

বুধবার (১৭ জুলাই) বিকাল সাড়ে ৪টার দিকে ঢাকা-বরিশাল মহাসড়কের ভাঙ্গা পূর্ব সদরদীর কৈডুবি এলাকায় এ দুর্ঘটনা ঘটে।

তাৎক্ষণিকভাবে হতাহতদের নাম-পরিচয় জানা সম্ভব হয়নি।

প্রত্যক্ষদর্শী আব্দুল মান্নান জানান, ঢাকা থেকে বরিশালগামী বিআরটিসির একটি বাসের সঙ্গে বিপরীত দিক থেকে আসা মাদারীপুর থেকে ফরিদপুরগামী শাহ ফরিদ পরিবহনের একটি বাসের সঙ্গে সংঘর্ষ হয়। এসময় ঘটনস্থলে তিনজন নিহত হন। নিহত তিনজনই শাহ ফরিদ পরিবহনের যাত্রী। এছাড়া আরও একজনের অবস্থা আশঙ্কাজনক।

ভাঙ্গা হাইওয়ে থানার পরিদর্শক আবু সাইদ বলেন, ‘খবর পেয়ে আমরা ঘটনাস্থলে পৌঁছে মরদেহ উদ্ধার কাজ শুরু করি। ফায়ার সার্ভিসের লোকজনও এ কাজে অংশ নেয়।’

ভাঙ্গা হাইওয়ে থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আবু সাঈদ ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, এ ঘটনায় গুরুতর আহত হয়েছে অন্তত ৮-১০ জন। এছাড়া আরও বেশ কয়েকজন আহত হয়েছেন।

তিনি বলেন, ‘আহতদের উদ্ধার করে ভাঙ্গা ও ফরিদপুরের বিভিন্ন হাসপাতালে পাঠানো হয়েছে। উদ্ধার কাজ চলছে। এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে পুলিশ কাজ করছে।’